কালের কণ্ঠ

তারিখ : 16 MAR 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৫

শতভাগ অধ্যাপকের তৃতীয় গ্রেড দাবি

# কলেজ শিক্ষকদের কর্মসূচি ঘোষণা

নিজস্ব প্রতিবেদক ▷

সম্প্রতি বেতনবৈষম্য নিরসনসংক্রান্ত মন্ত্রিসভা কমিটি অষ্টম বেতন স্কেলের চতুর্থ গ্রেডে থাকা অধ্যাপকদের ৫০ শতাংশকে তৃতীয় গ্রেডে উন্নীত করার সিদ্ধান্ত প্রত্যাখ্যান করে শতভাগ দাবি করেছে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি। এই দাবি আদায়ে সমিতি নতুন কর্মসূচি ঘোষণা করেছে।

গতকাল মঙ্গলবার সমিতির এক সভায় এই কর্মসূচি গ্রহণ করা হয়। সমিতির যুগ্ম আহ্বায়ক এস এইচ এম ফজলে রাব্বীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন সদস্যসচিব আই কে সেলিম উল্লাহ খোন্দকার, সদস্য ড. মো. মাসুদ রানা খান, মো. নওসের আলী প্রমুখ।

সভায় বেতনবৈষম্য নিরসন কমিটির সিদ্ধান্তে ক্ষোভ ও হতাশা ব্যক্ত করা হয়। এ ছাড়া সহযোগী অধ্যাপকদের চতুর্থ গ্রেডে উন্নীতকরণসহ 'অনার্স কলেজ' ও 'টিটি কলেজের' অধ্যক্ষদের পদ দ্বিতীয় গ্রেডে এবং শিক্ষা ক্যাডারের জন্য প্রথম গ্রেডের পদ সৃষ্টিরও দাবি জানানো হয়।